

# Major Physical Education 1<sup>st</sup> semester

3.2.3. The Circus Maximus,  
3.2.4. The Colosseum,  
3.2.5. Gladitorial Combats,  
3.2.6. The Thermae



PRESENTED BY  
MD SHAMIM AKHTER  
SACT PLASSEY COLLEGE

### 3.2.3. সার্কাস ম্যাক্সিমাস (The Circus Maximus)

- : সার্কাস ম্যাক্সিমাস হল প্রাচীন রোমে একপ্রকার বিখ্যাত স্টেডিয়াম। এখানে একসঙ্গে 2 লক্ষ লোক বসে খেলা দেখতে পারত। প্রধানতঃ এখানে রথ দৌড় হত। কোনো কোনো সময়ে এখানে 2 দিনে 44টি রেস অনুষ্ঠিত হত।

### (3.2.4. ক্যালোসিয়াম The Colosseum) :

- ক্যালোসিয়াম হল প্রাচীন রোমের একপ্রকার বিখ্যাত ক্রীড়াঙ্গন। পাথর কেটে গোলাকার ক্রীড়াঙ্গল-এর বাইরের দিকে 150 ফুট উঁচু পাথরের প্রাচীর এবং পাথরের কেটে বসবার ব্যবস্থা ছিল এই ক্যালোসিয়ামে। এখানে একসঙ্গে 50,000 লোক বসবার ব্যবস্থা ছিল। সম্রাট ও বিশিষ্ট ব্যক্তিদের পৃথক পৃথক বসবার ব্যবস্থা ছিল। হিংস্র জন্তুদের জন্য ক্রীড়াঙ্গলে খাঁচা রাখা থাকত। প্রধানতঃ গ্ল্যাডিটোরিয়াল কন্স্যাট এখানে অনুষ্ঠিত হত।

### 3.2.5. গ্ল্যাডিটোরিয়াল কাম্ব্যাট (Gladiatorial Combats)

- গ্ল্যাডিটোরিয়াল কাম্ব্যাট রোমের শরীরচর্চায় এক জঘন্যতম ও নৃশংসতম অধ্যায়। এতে একজনের সঙ্গে অপরজনের রক্তাশ্র সংগ্রামে অবতীর্ণ হতে হত এবং এই যুদ্ধ চলত যতক্ষণ না একজনের মৃত্যু হয় ততক্ষণ পর্যন্ত। ধীরে ধীরে এই গ্ল্যাডিটোরিয়াল কাম্ব্যাটের জনপ্রিয়তা বাড়তে থাকে এবং এই ধরনের যুদ্ধের সংখ্যাও বাড়তে থাকে। রোমে প্রথম দিকে বিদেশী বন্দিদের দিয়ে এই যুদ্ধ করানো হত। পরবর্তীকালে মৃত্যুদন্ডপ্রাপ্ত আসামী এবং ক্রীতদাসদের দিয়ে এই যুদ্ধ করানো হত। রোমের ধনী ব্যক্তির প্রশিক্ষণ দিয়ে যোদ্ধা তৈরি করে তাদের দিয়ে এই যুদ্ধের ব্যবস্থা করতে লাগলেন। এইভাবে গ্ল্যাডিটোরিয়াল কাম্ব্যাটে হিংস্র জন্তুদের সাথে খালি হাতে মানুষের লড়াইয়ের ব্যবস্থাও করা হত। রোমের মানুষ তখন এক কথায় রক্ত দেখতে অত্যন্ত অভ্যস্ত হয়ে পড়েছিল এবং তারা প্রাণ নিতে বা প্রাণ দিতে দ্বিধা বোধ করত না।

### 3.2.6. থার্মা (The Thermae)

- রোমের গরম জলের স্নানাগার গুলিকে থার্মা বলা হতো। থার্মা শব্দের অর্থ গরম জল। রোমের বড় বড় থার্মাগুলিতে বক্সিং, কুস্তি, দৌড়, ডিসকস ও বর্শা নিষ্ক্ষেপের ব্যবস্থা ছিল। একসঙ্গে অনেক লোকের উষ্ণ স্নানের ব্যবস্থা ছিল এই থার্মাতে। থার্মাতে স্নানের পূর্বে তৈরি মর্দন ও গরম ঘরে গিয়ে গা ঘামানোর ব্যবস্থা ছিল। রোমে তৎকালীন ধর্মগুলি খুবই জনপ্রিয় ছিল।



ধন্যবাদ